দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

কবিতা / গল্প

নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 27 AUGUST 2025 , WEDNESDAY | ২৭ আগস্ট ২০২৫ , বুধবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-375

## বেহাল অবস্থায় আলিপুরদুয়ার বাস টার্মিনাস



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ আগস্ট : আলিপুরদুয়ার বাস টার্মিনাস বেহাল অবস্থায় পড়ে রয়েছে। টার্মিনাসের বেহাল অবস্থা নিয়ে ক্ষোভ বাড়ছে গাড়িচালক থেকে শুরু করে এলাকার বাসিন্দাদের এমনটাই জানা গেছে তাদের সঙ্গে কথা বলে মঙ্গলবার বিকেল চারটে নাগাদ। আলিপুরদুয়ার বাস টার্মিনাস থেকেই বিভিন্ন এলাকার বাসগুলো তাদের গন্তব্যের উদ্দেশ্যে রওনা দেয়। যাত্রী সাধারনের দাঁড়াবার মত কোন জায়গা নেই। মাথার উপর রয়েছে শেড। কিন্তু সেই শেড দিয়ে অনবরত জল পড়ে বৃষ্টি হলেই। গাড়ি রাখবার মত কোন জায়গা নেই যাত্রী সাধারণ গাড়িতে উঠতে পারে না টার্মিনাসে জল জমে থাকায়। আলিপুরদুয়ার পৌরসভা থেকে শুরু করে বিধায়কের দিকেই আঙ্গুল তুলেছেন বাস চালকরা। শুধু প্রতিশ্রুতিই সার কিন্তু কোন কাজ হয়নি। ঢাক ঢোল পিটিয়ে বিধায়ক থেকে শুরু করে পৌরসভার চেয়ারম্যান যৎসামান্য টাকার কাজ করেই ইতি টেনেছেন টার্মিনাসে। বাকি কাজ কবে হবে জানেন না যাত্রী সাধারন থেকে শুরু করে গাড়ির সঙ্গে যুক্ত ব্যক্তিরা।

## ডেঙ্গু মোকাবিলায় পুজো কমিটিগুলোকে চিঠি পুরসভার




এই যুগ , কলকাতা ,২৬ আগস্ট : সেপ্টেম্বরে বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজো। শহরজুড়ে এখন থেকে পুজোর প্রস্তুতি তুঙ্গে। জোড় কদমে মণ্ডপ তৈরির কাজ চলছে । সেই সব নির্মীয়মাণ পুজো প্যান্ডেল মশার আঁতুড়ঘর যাতে না হয় , তা নিশ্চিত করতে এবার পুজো কমিটিগুলিকে চিঠি পাঠালো কলকাতা পুরসভা। পুরসভার তরফে শহরের সব পুজো উদ্যোক্তাদের চিঠি পাঠানো হয়েছে।চিঠিতে নির্দেশ , নির্মীয়মাণ পুজো প্যান্ডেল গুলিতে কোথাও মশার উৎস তৈরি হয়েছে হচ্ছে কিনা, তা নিয়মিত অনুসন্ধান করছেন পুরসভার স্বাস্থ্যকর্মীরা। পুরকর্মীদের কাজে সহযোগিতা করার পাশাপাশি প্যান্ডেল তৈরির জায়গাটিকে পরিচ্ছন্ন রাখার কথা বলা হয়েছে পুজো কমিটিগুলিকে। যে কয়েকটি বিষয় পুজো উদ্যোক্তাদের মানতে বলা হয়েছে সেগুলো হলো, বাঁশের ডগার কাটা অংশ বালি দিয়ে বুজিয়ে দিতে হবে অথবা ভালো করে কাপড় দিয়ে বাঁধে দিতে হবে । প্যান্ডেল চত্বরের ভিতরে ও বাইরে কোথাও জল জমলে তা দ্রুত সরিয়ে দিতে হবে। রাস্তার ধারে বা আশেপাশে যে কোনও বাঁশের কাঠামোর মধ্যে যাতে জল না জমে তার ব্যাবস্থা গ্রহন করতে হবে ।



# ২ মাসেই টাকা দ্বিগুণ হয়ে যাবে, প্রতারিত হচ্ছে গ্রাহকরা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ আগস্ট : রাঙালি বাজনার বাদল রায় কে আলিপুরদুয়ার জেলা আদালত থেকে ৮ দিনের পুলিশ হেফাজতে নিল শামুকতলা থানার পুলিশ এমনটাই জানা গেছে আদালত সূত্রে মঙ্গলবার বিকেল পাঁচটা নাগাদ। মঙ্গলবার সকালেই তাকে ধুপগুড়ি থেকে গ্রেফতার করেছিল শামুকতলা থানার পুলিশ। পুলিশের কাছ থেকে জানা গেছে শামুকতলা এলাকার এক ব্যক্তির কাছ থেকে তার বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়েছিল থানাতে। বাদল রায় কে টাকা দিলে দ্বিগুণ পরিমাণ টাকা ফেরত দিবেন এই ফাঁদ পেতে প্রচুর টাকা তার একাউন্টে নিয়েছিল অভিযুক্ত বাদল রায়। শামুকতলার এক ব্যক্তির কাছ থেকে টাকা নিয়ে ডবল টাকা দেওয়ার প্রতিশ্রুতি দেওয়ার পরেও টাকা ফেরত না পেয়ে পুলিশের দারস্থ হয়েছিলেন ওই ব্যক্তি গত দুদিন আগে। পুলিশ অভিযোগ পেয়েই তদন্ত শুরু করে মঙ্গলবার সকালের ধুপগুড়ি থেকে তাকে গ্রেফতার করে থানায় নিয়ে যায়। আজ আদালতে তোলার পর তাকে আট দিনের পুলিশ হেফাজতে নেয় শামুকতলা পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে অভিযুক্তর বিরুদ্ধে বিভিন্ন থানায় অভিযোগ রয়েছে।

# ভাড়াটে,গৃহকর্মীদের তথ্য পেতে বিজ্ঞপ্তি প্রকাশ লালবাজারের



এই যুগ , কলকাতা ,২৬ আগস্ট : দক্ষিণ কলকাতার পঞ্চসায়র এলাকার নিউ গড়িয়া সমবায় আবাসনে এক বৃদ্ধা বিজয়া দাসের খুনের পরে একা থাকা বয়স্কদের নিরাপত্তায় কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ করছে কলকাতা পুলিশ। একাকী বয়স্কদের বাড়িতে যাঁদের কাজের লোক বা আয়া হিসেবে নিয়োগ করা হচ্ছে, তাঁদের ব্যাপারে এবং ভাড়াটে থাকলে তাঁদের সম্পর্কে সমস্ত তথ্য পেতে নির্দিষ্ট ফর্ম পূরণ করানোর উপর জোর দিচ্ছে লালবাজার।শহরের প্রবীণদের জন্য কলকাতা পুলিশের দেড় দশকেরও বেশি সময় ধরে চলমান প্রকল্প ‘প্রণাম’–এর সদস্য করানোর উদ্যোগ রয়েছে। ভাড়াটে ও গৃহকর্মীদের ‘প্রোফাইল ফর্ম’–এর লিঙ্ক নিজেদের সোশ্যাল মিডিয়ায় সোমবার শেয়ার করেছে কলকাতা পুলিশ। পুলিশের তরফে জানানো হয়েছে , কলকাতার পুলিশ কমিশনারের এই বিজ্ঞপ্তিতে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ নং ধারা অনুযায়ী তথ্য দেওয়া বাধ্যতামূলক। কলকাতা পুলিশের নিজস্ব "বন্ধু" অ্যাপের মাধ্যমেও এ সব তথ্য জমা করা যাবে।

# মাছ বোঝাই গাড়ি উল্টে গেল জাতীয় সড়কে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ আগস্ট : ৩১ নম্বর জাতীয় সড়কের চেপানী চৌপথী সংলগ্ন এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে মাছের গাড়ি উল্টে গেল জাতীয় সড়ক থেকে কম করে ৫০ ফুট দূরে এমনটাই জানা গেছে শামুকতলা রোড পুলিশ ফাঁড়ির পুলিশের কাছ থেকে মঙ্গলবার বিকেল সাড়ে তিনটা নাগাদ। পুলিশ সূত্রে জানা গেছে বেলা আড়াইটা নাগাদ শিলিগুড়ি থেকে গোহাটি যাবার পথে ৩১ নম্বর জাতীয় সড়কের জাপানি চৌপতি সংলগ্ন এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে মাছের গাড়ী জাতীয় সড়কের পাশে থাকা ধানক্ষেত সংলগ্ন এলাকায় পড়ে যায়। এদিকে মাছের গাড়ি পড়ে যাওয়ার পরেই এলাকার মানুষের কৌতুহল জাগে মাছ বাড়ি নিয়ে যাবার জন্য। যদিও দুর্ঘটনার খবর পাওয়ার পরেই মুহূর্তের মধ্যেই পুলিশ গিয়ে উপস্থিত হয় ওই এলাকায়। ফলে মাছ নিতে পারেনি আমজনতা তাদের বাড়িতে। দুর্ঘটনার পর থেকেই ঘটনাস্থলে রয়েছে পুলিশ পাহারা।



# সুপ্রিম কোর্টে পিছোল ডিএ মামলার শুনানি



এই যুগ , দিল্লি ,২৬ আগস্ট : আবারও পিছিয়ে সুপ্রিম কোর্টে পিছিয়ে গেল ডিএ মামলার শুনানি। মঙ্গলবার শুনানি হবার কথা থাকলেও মামলাকারীদের তরফে এক আইনজীবী অনুপস্থিত ছিলেন।পরবর্তী শুনানি কবে হবে , তা জানাবে শীর্ষ আদালত। বর্তমানে সুপ্রিম কোর্টে ডিএ মামলার শুনানি চলছে বিচারপতি সঞ্জয় কারোল ও বিচারপতি পিকে মিশ্রের ডিভিশন বেঞ্চে।২০২২ সালে কলকাতা হাই কোর্টের ডিভিশন বেঞ্চ নির্দেশ দিয়েছিল, ডিএ সরকারি কর্মীদের অধিকার। সরকারি কর্মীরা কেন্দ্রীয় হারে তা পাওয়ার যোগ্যও । কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের নির্দেশকে চ্যালেঞ্জ করেই সুপ্রিম কোর্টে যায় রাজ্য। ইতিমধ্যেই ২৫ শতাংশ ডিএ মিটিয়ে দেওয়ার নির্দেশও দিয়েছে তারা।এখনও তা মেটায়নি রাজ্য ,সেই বকেয়া মেটানো নিয়ে শুনানি চলছে সুপ্রিম কোর্টে।

# ২০২৬ এর পুজোর মধ্যে নতুন বাড়ি তৈরি হবে বউবাজারে,আশ্বাস মেট্রোর



এই যুগ , কলকাতা ,২৬ আগস্ট : আগামী বছর ২০২৬ দূর্গা পুজোর মধ্যে বউবাজারের মেট্রো বিপর্যয়ে গৃহহীনদের পাকাপাকি ভাবে ঘরে ফেরার ব্যবস্থা করতে হবে বলে কলকাতা মেট্রো রেল কর্পোরেশন লিমিটেডের প্রতিনিধিদের জানিয়ে দিলেন কলকাতা পৌরসভার মেয়র ফিরহাদ হাকিম। সোমবার পুরসভা ও কেএমআরসিএল–এর বৈঠকে উপস্থিত ছিলেন চৌরঙ্গির বিধায়ক নয়না বন্দ্যোপাধ্যায়, ৪৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার তৃণমূলের বিশ্বরূপ দে । বৈঠক শেষে মেয়র ফিরহাদ বলেন, ‘আমরা ন’মাসের মধ্যে বউবাজারের ভেঙে পড়া বাড়িগুলো নতুন ভাবে করে দিতে বলেছি। চলতি বছরের অক্টোবর থেকে কাজ শুরু হবে।’সূত্রের খবর , কাজ কতটা এগোচ্ছে তা নিয়ে প্রতি তিন মাস অন্তর মেয়রকে প্রোগ্রেস রিপোর্ট দেবে মেট্রো রেল কর্তৃপক্ষ। তৈরির পর থেকে ১০ বছর যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞদের নজরদারির মধ্যে থাকবে নতুন করে তৈরি হওয়া এই বউবাজার এলাকার বাড়িগুলো। বৈঠকের পর এক প্রতিনিধি জানান -কেএমআরসিএল এর তরফে নতুন বাড়িগুলো বানানোর জন্য দু’বছর সময় চাওয়া হয়েছিল। এই প্রস্তাব মানেনি পুরসভার। দীর্ঘ আলোচনার পরে শেষমেশ ন’মাসের প্রস্তাবে রাজি হয় কেএমআরসিএলের প্রতিনিধিরা।অবশেষে নতুন বাড়ি পাবার জন্য আশায় বুক বাঁধতে চলছে বউবাজের বাড়ি হারানো পরিবার গুলি । কলকাতা পৌরসভার মেয়র কে অসংখ্য ধন্যবাদ জানিয়েছে বাড়ি হারা পরিবার গুলি । কলকাতা পৌরসভার জন্য তাদের নতুন বাড়ি তারা ফিরে পাচ্ছে।

EiYUG
NEWSPAPER PUBLISHING HOUSE

GRAPHIC DESIGN WORK
* NEWSPAPER
* MAGAZINE
* ALL PAGE
* BOOK
* VISITING CARD
* INVITE CARD
* CARD
* FLEX
* POSTER
* CARTOON
* LOGO

PUBLISHING WORK
NEWSPAPER * MAGAZINE * BOOK

For Work
CONTACT NO: 9836753622
Email: eiyugnewspaperpublishinghouse@gmail.com

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |